

PRESS RELEASE

আইসিডিডিআর,বি এবং কানাডার জীবন-রক্ষাকারী অংশীদারিত্বের প্রশংসা করলেন
কানাডার হাই কমিশনার

ঢাকা, বাংলাদেশ, ১৬ মার্চ ২০২২:

১৫ মার্চ বিকেলে বাংলাদেশে নিযুক্ত কানাডার মাননীয় হাই কমিশনার ড. লিলি নিকলস প্রথমবারের মতো ঢাকার মহাখালীতে অবস্থিত আইসিডিডিআর,বি সফর করলেন। সফরে তাঁর সাথে ছিলেন ফাস্ট সেক্রেটারি (ডেভেলপমেন্ট) জোসেফ সেভাতু এবং বাংলাদেশে কানাডা হাইকমিশনের ডেভেলপমেন্ট অ্যাডভাইজার ফারজানা সুলতানা। মাননীয় ড. লিলি বিশ্ব বিখ্যাত জনস্বাস্থ্য গবেষণা প্রতিষ্ঠান আইসিডিডিআর,বি এবং তার জীবন রক্ষাকারী কাজ সম্পর্কে জানতে গভীর আগ্রহ প্রকাশ করেন। উল্লেখ্য, কানাডা সরকার ১৯৯৮ সাল থেকে আইসিডিডিআর,বি-র মূল ও প্রকল্প কার্যক্রমে ধারাবাহিকভাবে আর্থিক সহায়তা প্রদান করে আসছে।

আইসিডিডিআর,বি-র নির্বাহী পরিচালক ড. তাহমিদ আহমেদ এবং সিনিয়র লিডারশিপ টিম সফরকারী দলটিকে স্বাগত জানান। ড. আহমেদ এই প্রতিষ্ঠান সম্পর্কে একটি সামগ্রিক চিত্র তুলে ধরেন, কোভিড-১৯ মোকাবেলায় এর বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে জানান এবং কানাডার সহায়তায় প্রতিষ্ঠানটির জীবন রক্ষাকারী গবেষণা ও উদ্ভাবনের ওপর আলোকপাত করেন। এছাড়াও, তিনি বিশ্বের নিম্ন ও মাঝারি আয়ের দেশগুলো যেসব স্বাস্থ্য সমস্যায় ভুগছে তা সমাধানে আইসিডিডিআর,বি কিভাবে সাধারণ ও বাস্তবমুখী গবেষণা করে এবং জ্ঞানকে কাজে রূপান্তরিত করে থাকে সেসম্পর্কে ব্যাখ্যা করেন।

মাননীয় হাই কমিশনার আইসিডিডিআর,বি-র মিউকোসাল অ্যান্ড ভ্যাক্সিনোলজি ল্যাবরেটরি ঘুরে দেখেন। এসময় আইসিডিডিআর,বি-র ইনফেকশাস ডিজিজেস ডিভিশনের ভারপ্রাপ্ত সিনিয়র ডিরেক্টর ও ম্যাগসেসেই পুরস্কার বিজয়ী ড. ফেরদৌসী কাদরী তাঁকে কলেরা টিকা, টাইফয়েড টিকা ও বাংলাদেশে প্রদত্ত কোভিড-১৯-এর বিভিন্ন টিকার রোগ প্রতিরোধ ক্ষমতা এবং প্রকৃতি থেকে সংঘটিত সংক্রমণ সম্পর্কে বলেন।

সফরকারীরা মহাখালীর ঢাকা হাসপাতালের ইমার্জেন্সি ইউনিট, ইন্টেন্সিভ কেয়ার ইউনিট এবং ব্রেস্টফিডিং কাউন্সেলিং সেন্টারও পরিদর্শন করেন। হেড অব হাসপিটালস ডাঃ বাহারুল আলম এবং আইসিডিডিআর,বি-র সিনিয়র সায়েন্টিস্ট ড. মোঃ যোবায়ের চিশতি তাঁদেরকে হাসপাতালের কর্মকাণ্ড ও শিশুদের তীব্র নিউমোনিয়া ও হাপোপ্নিমিয়ার চিকিৎসায় ব্যবহৃত বাবল সিপ্যাপসহ স্বল্প খরচের বিভিন্ন উদ্ভাবন সম্পর্কে বলেন। এছাড়াও, তাঁদেরকে গ্লোবাল অ্যাফেয়ার্স কানাডার সহায়তায় পরিচালিত একটি প্রজনন স্বাস্থ্য ও অধিকার (এসআরএইচআর)-সংক্রান্ত পরামর্শ সেবা সম্পর্কে জানানো হয়।

মাননীয় ড. লিলি নিকলস জনস্বাস্থ্য বিষয়ক গবেষণার ব্যাপ্তি এবং কিভাবে গবেষণা থেকে স্বল্প খরচের সমাধান বের করা যায় তা দেখে অভিভূত হন। তিনি আইসিডিডিআর,বি ও কানাডার মধ্যে দুই দশকেরও বেশি স্থায়ী অনন্য সহযোগিতামূলক সম্পর্কের প্রশংসা করেন। তিনি এসআরএএচআর-এর ওপর সম্প্রতি শুরু হওয়া কাজেরও প্রশংসা করেন, যা কানাডা সরকারের জন্য একটি অগ্রগণ্য বিষয়। তিনি বলেন, “এখানে আসা এবং আইসিডিডিআর,বি-র কাজ সম্পর্কে সরাসরি অভিজ্ঞতা সঞ্চয় করা আমার জন্য একটি সম্মানের বিষয়। এটি সত্যিই একটি অনুপ্রেরণামূলক সফর। জীবন রক্ষাকারী গবেষণা ও উদ্ভাবনের জন্য আইসিডিডিআর,বি-কে জানাই অভিনন্দন!”

আমাদের প্রতিষ্ঠানটি সফরে আগ্রহ প্রদর্শনের জন্য ড. আহমেদ হাই কমিশনারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বলেন, “আইসিডিডিআর,বি কানাডা এবং এর জনগণের অতুলনীয় সহায়তার জন্য তাঁদের প্রতি অত্যন্ত কৃতজ্ঞ। এই সহায়তা শুধু বাংলাদেশই নয় বরং বিশ্বের অন্যান্য স্বল্প ও মাঝারি আয়ের দেশকে গবেষণা পরিচালনায় সক্ষম করে তুলেছে।” তিনি আরও বলেন, কানাডার সহায়তা আমাদেরকে ঢাকা ও চাঁদপুরে অবস্থিত মতলব হাসপাতালে প্রতি বছর বিনামূল্যে ২০০,০০০ রোগীকে ডায়রিয়া ও অপুষ্টির চিকিৎসা দিতে সাহায্য করে।

NOTES TO EDITORS

About icddr,b:

icddr,b formerly known as International Centre for Diarrhoeal Disease Research, Bangladesh is an international public health research institution based in Bangladesh. Established in 1960, icddr,b has been at the forefront of discovering low cost solutions to key public health challenges facing people in poverty and provides robust evidence of their effectiveness at a large scale. Instrumental in the development of oral rehydration therapy, icddr, b's research in this area has been credited with saving more than 70 million lives worldwide. From an early focus on cholera and diarrhoeal disease, the scope has expanded to encompass most of the global public health challenges.

Find out more at www.icddr.org or follow @icddr_b

##

Media contact:

AKM Tariful Islam Khan
Senior Communications Manager
Office: +880-2-9820523-32 Ext 3116
Cell: +88 017 555 88 128
Email: tariful.islam@icddr.org
###